

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৫২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক ঋণগ্রস্থ ব্যক্তির জানাযার সালাত আদায় না করার বিষয়টি
ইসলামের প্রথম যুগে বিভিন্ন দেশ বিজয় করার আগের বিষয় ছিল

ذِكْرُ الْخَبَرِ الْمُصَرِّحِ بِأَنَّ تَرْكَ الْمُصِطْفَى صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّلَاةَ عَلَى مَنْ مَاتَ وَعَلَيْهِ دَيْنٌ كَانَ ذَلِكَ فِي بَدْءِ الْإِسْلَامِ قَبْلَ فَتْحِ اللَّهِ الْفُتُوحَ عَلَيْهِ

## আরবী

2052 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي ذَبْبٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: عُثْمَانُ بْنُ عُمْرَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي ذَبْتٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: (هَلْ كَانَ الرَّجُلُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا مَاتَ وَعَلَيْهِ دَيْنُ سَأَلَ: (هَلْ لَهُ وَفَاءٌ؟) فَإِذَا قِيلَ: نَعَمْ صَلَّى عَلَيْهِ وَإِذَا قِيلَ كَلَّا قَالَ: (صَلُّوا عَلَى صَاحِبِكُمْ) فَلَمَّا فَتْحَ اللَّهُ على رسول الله صلى الله عليه وسلم الْفُتُوحَ قَالَ: (أَنَا أَوْلَى بِالْمُؤْمِنِينَ مِنْ أَنْفُسِهِمْ مَنْ تَرَكَ مَالًا فَلِوْارِثِ)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3052 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (أحكام الجنائز)) ((أحاديث البيوع)): ق.

## বাংলা

৩০৫২. আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে কোন ব্যক্তি ঋণগ্রস্থ অবস্থায় মারা গেলে, তিনি জিজ্ঞেস করতেন, "ঋণ পরিশোধ করার মতো তার কোন সহায়-সম্পদ আছে কি?" যখন "হ্যাঁ" বলা হতো, তখন তিনি তার জানাযার সালাত আদায় করতেন। আর যখন 'না' বলা হতো, তখন তিনি বলতেন, "তোমরা তোমাদের সঙ্গীর সালাত আদায় করো।" তারপর যখন মহান আল্লাহ বিভিন্ন বিজয় দান করলেন, তখন তিনি বলেন, "আমি মুমিনদের জন্য তাদের নিজেদের চেয়েও বেশি নিকটবর্তী। যে ব্যক্তি কোন ঋণ রেখে (মারা) যায়, তবে তা পরিশোধ করার দায়িত্ব আমার আর যে ব্যক্তি কোন সম্পদ রেখে



(মারা) যায়, সেটা তার উত্তরাধিকারীদের জন্য।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৩৭-৩৩৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৫২৬২; সহীহ মুসলিম: ৮৬৭; নাসাঈ: ৩/১৮৮; সুনান বাইহাকী: ৬/৩৫১; ইবনু মাজাহ: ৪৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ৪/১১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন